গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
# দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর
Dinajpur Govt. College, Dinajpur
www.dgc.edu.bd
স্থাপিত-১৯৪২ খ্রিষ্টাব্দ

বিজ্ঞপ্তি নম্বর:দিসক/দিনাজ/স্নাতক (পাস) প্রা:/সার্টি.রেজি-২৫/২০২৬/২১ তারিখ: ০৪ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
১৫ জানুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ

## ২০২৫ সালের স্নাতক (পাস) প্রাইভেট/সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশন সংক্রান্ত বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের স্মারক নং-০৬(১০১)জাতী:বি:/রেজি:/অ্যাকা:/প্রাইভেট/২০০১/৩৩৮৬ তারিখ: ১৪/০১/২০২৬
কোর্সসমূহ: বিএ/বিএসএস/বিবিএস

**অনলাইনে আবেদন করার তারিখ: ১৫/০১/২০২৬ থেকে ১৯/০২/২০২৬ পর্যন্ত**
**আবেদন ফরম জমা দেয়ার তারিখ: ১৭/০১/২০২৬ থেকে ২২/০২/২০২৬ পর্যন্ত**

### ১। স্নাতক (পাস) প্রাইভেট কোর্সে আবেদন করার যোগ্যতা:

(ক) বাংলাদেশে স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড/উন্মুক্ত বিশ্ববিদ্যালয় হতে ২০২৩ সাল বা তৎপূর্বে HSC ও সমমান পরীক্ষায় উত্তীর্ণ এবং তৎসংশ্লিষ্ট SSC ও সমমান পরীক্ষায় উত্তীর্ণ পরীক্ষার্থীরা ২০২৫ সালের স্নাতক (পাস) প্রাইভেট (বিএ/বিএসএস/বিবিএস) কোর্সে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে। এ ছাড়া বাংলাদেশ কারিগরি শিক্ষা বোড এর এইচ.এস.সি. সমমান কোর্সসমূহ থেকে শুধুমাত্র i) এইচ.এস.সি. (ভোকেশনাল) ii) ডিপ্লোমা-ইন-কমার্স iii) ৩। এইচ.এস.সি. (বিজনেস্ ম্যানেজমেন্ট) পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা উল্লিখিত শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে।

(খ) O-Level পরীক্ষায় তিনটি বিষয়ে 'বি' গ্রেডসহ অন্তত ০৪ (চার) টি বিষয়ে উত্তীর্ণ এবং ২০২৩ সাল বা তৎপূর্বে A-Level পরীক্ষায় একটি বিষয়ে 'বি' গ্রেডসহ অন্তত ০২ (দুই) টি বিষয়ে উত্তীর্ণ শিক্ষার্থীরা ২০২৫ সালের স্নাতক (পাস) প্রাইভেট রেজিস্ট্রেশন কার্যক্রমে আবেদন করতে পারবে। এ সকল শিক্ষার্থী অনলাইনে আবেদন না করে নির্ধারিত সময়ের মধ্যে ডিন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয় বরাবর সরাসরি/ইমেইল এ্যাড্রেসে (degpassnu@gmail.com) আবেদন পত্র প্রেরণ করবে। সাদা কাগজে লিখিত আবেদনপত্রে আবেদনকারীর নাম, পিতা-মাতার নাম, ভর্তিচ্ছু কোর্সের নাম, প্রতিষ্ঠানের নাম ও নিবন্ধিত ব্যক্তিগত মোবাইল নম্বর উল্লেখ করতে হবে। উল্লেখ্য যে, ভর্তিচ্ছু সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে অধিভুক্তি থাকতে হবে। এছাড়া আবেদনপত্রের সঙ্গে আবেদনকারীর পড়ুস O-Level ও A-Level পরীক্ষার ট্রান্সক্রিপ্ট ও পাসপোর্ট সাইজের দুই কপি ছবি সত্যায়িত ছবি সংযুক্ত করতে হবে।

(গ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল ও স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে (যে শিক্ষাবর্ষে হোক না কেন) বর্তমানে অধ্যয়নরত কোন শিক্ষার্থী ২০২৫ সালের স্নাতক (পাস) প্রাইভেট রেজিস্ট্রেশন কার্যক্রম আবেদন করতে পারবে না। তবে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিলপূর্বক ২০২৫ সালের স্নাতক (পাস) প্রাইভেট কোর্সে আবেদন করতে পারবে।

(ঘ) একই শিক্ষাবর্ষে অথবা দুটি ভিন্ন শিক্ষাবর্ষে কোন শিক্ষার্থী স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল অথবা স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে দ্বৈত ভর্তি হলে ঐ শিক্ষার্থীর ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

(ঙ) ১৯৮৮ সালের পূর্বে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে আলীম পরীক্ষায় উত্তীর্ণ কোন প্রার্থী প্রাইভেট রেজিষ্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে না।

(চ) আবেদন ফরমে আবেদনকারীর কোন তথ্য/ছবি অসত্য, ভুল অথবা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে ঐ আবেদনকারীর রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

### ২। স্নাতক (পাস) সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশন আবেদনের যোগ্যতা ও শর্তাবলি:

(ক) বাংলাদেশে স্বীকৃত যে কোন বিশ্ববিদ্যালয় হতে স্নাতক (পাস)/স্নাতক (সম্মান) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা যে সকল বিষয় নিয়ে ডিগ্রী (পাস)/স্নাতক (সম্মান) পরীক্ষায় কৃতকার্য হয়েছে সে সব বিষয় ছাড়া নিম্নের উল্লিখিত যে কোন একটি বিষয়ে নিয়ে সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে।

(খ) সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশনের জন্য অনুমোদতি বিষয়সমূহ: বাংলা (ঐচ্ছিক), ইংরেজি (ঐচ্ছিক), আরবী, দর্শন, ইসলামি শিক্ষা, অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, সমাজবিজ্ঞান, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, হিসাববিজ্ঞান ও ব্যবস্থাপনা। উল্লিখিত বিষয়সমূহ সংশ্লিষ্ট কলেজে অধিভুক্ত বিষয় হিসাবে থাকতে হবে।

(গ) বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে ফাজিল বা কামিল পরীক্ষায় উত্তীর্ণ কোন প্রার্থী সার্টিফিকেট কোর্স পরীক্ষার প্রাইভেট রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে না।

(ঘ) সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশন প্রাপ্ত প্রার্থীরা ২০২৫ সালের স্নাতক (পাস) প্রাইভেট পরীক্ষার্থীদের সংগে একই কোর্স ও কারিকুলাম অনুযায়ী সার্টিফিকেট কোর্স পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

### ৩। আবেদন ফরম সংগ্রহ:

রেজিস্ট্রেশন করতে ইচ্ছুক প্রার্থীগণ www.nu.ac.bd/admissions ওয়েবসাইটে Degree Pass অপশনে গিয়ে Blank Data Entry Form (Degree Private) অপশন থেকে অথবা সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশনের জন্য Blank Data Entry Form (Private Certificate Course) অপশন থেকে প্রয়োজনীয় তথ্য সঠিকভাবে এন্ট্রি করে আবেদন ফরম সংগ্রহ/ডাউনলোড করতে পারবে। আবেদনের সময় প্রার্থীকে সঠিকভাবে কোর্স ও বিষয় নির্বাচন করে প্রার্থীর পাসপোর্ট আকারের রঙ্গিন ছবি স্ক্যান করে আপলোড করতে হবে। ছবির মাপ 120×150 Pixels, Image type: JPG এবং maximum file size: 50KB। আবেদন দাখিলের পর প্রার্থীগণ একটি .... নম্বর সম্বলিত আবেদনফরম প্রিন্ট করে রেজিস্ট্রেশন ফি ও প্রয়োজনীয় কাগজপত্রসহ আগামী ২২/০২/২০২৬ তারিখের মধ্যে সংশ্লিষ্ট কলেজে (কলা ভবনের নীচ তলা) জমা দিয়ে রিসিভ কপি সংগ্রহ করতে হবে। অসম্পূর্ণ/ভুল তথ্য সম্বলিত আবেদন বাতিল বলে বিবেচিত হবে।

চলমান পাতা-০২

৪। **রেজিস্ট্রেশনের আবেদন ফরম জমাদান:**

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.admission.nu.edu.bd অথবা nu.edu.bd/admissions যথাযথভাবে ফরমপূরণ করে A4 (৮.৫" × ১১") সাইজের অফসেট সাদা কাগজে প্রিন্ট কপি নিয়ে এর সিরিয়াল নম্বরসহ কলেজ ক্যাশ শাখা হতে রেজিস্ট্রেশন ফি জমাদানের রসিদ সংগ্রহ করে **সাউথইস্ট ব্যাংক লিমিটেড, কলেজ বুথ (বিজ্ঞান ভবন) এ নির্ধারিত ফি ২৪৮০/- (দুই হাজার চারশত আশি)** টাকা জমা করে প্রয়োজনীয় কাগজপত্রসহ ১৭/০১/২০২৬ তারিখ সকাল ১০:০০ টা থেকে শুরু করে ২২/০২/২০২৬ তারিখ বিকাল ২:০০ টার মধ্যে কলা ভবনের নীচ তলার (প্রবেশমূখ) কক্ষে অফিস চলাকালিন জমা দিতে হবে।

**ফিসের হার:**

| | |
|---|---|
| (ক) রেজিস্ট্রেশন ফি প্রতিজন | ৭২০/- |
| (খ) প্রাথমিক আবেদন ফি প্রতিজন | ৪০০/- |
| (গ) ব্যবস্থাপনা ফি প্রতিজন | ৫০/- |
| (ঘ) পরিবহন ফি প্রতিজন | ৬০/- |
| (ঙ) ইনকোর্স ফি | ৪৫০/- |
| (চ) অত্যাবশ্যকীয় কর্মচারি ফি | ৭০০/- |
| (ছ) বিবিধ ফি প্রতিজন | ১০০/- |

**মোট =২৪৮০/- (দুই হাজার চারশত আশি) টাকা।**

৫। **নিম্নে উল্লিখিত প্রয়োজনীয় কাগজপত্রাদি আবেদন পত্রের সঙ্গে জমা দিতে হবে:**

(ক) মাধ্যমিক/সমমান এবং উচ্চমাধ্যমিক/সমমান পরীক্ষা পাসের সনদপত্র ও নম্বরপত্রের ০২ (দুই) সেট সত্যায়িত ফটোকপি এবং সার্টিফিকেট কোর্সের জন্য উল্লিখিত সনদপত্র ও নম্বরপত্রের ০২ (দুই) সেট সত্যায়িত ফটোকপিসহ স্নাতক (পাস) পরীক্ষার সনদপত্র ও নম্বরপত্রের সত্যায়িত ০২ (দুই) সেট ফটোকপি এবং প্রযোজ্য ক্ষেত্রে মাইগ্রেশন সনদ অবশ্যই জমা দিতে হবে। উভয় ক্ষেত্রে নাম-**ঠিকানা উল্লেখপূর্বক বড় খামে মূল সনদপত্র ও নম্বরপত্র জমা দিতে হবে।**

(খ) সামরিক বাহিনী, পুলিশ, বিজিবি ও আনসার বাহিনীতে চাকুরিরত প্রার্থীদেরকে তাদের চাকুরি ০২ (দুই) বছর পূর্ণ হয়েছে এই মর্মে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র জমা দিতে হবে। প্রত্যয়নপত্রে চাকুরীতে নিয়োগের তারিখ, পরীক্ষায় অংশগ্রহণ পর্যন্ত চাকুরীতে বহাল থাকার বিবরণ ও পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে ছুটি মঞ্জুর করার বিষয়ে উল্লেখ থাকতে হবে।

(গ) সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরিরত প্রার্থীকে এ রেজিস্ট্রেশন কার্যক্রমে অংশগ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমতিপত্র জমা দিতে হবে। পরীক্ষার সময় তাকে পরীক্ষায় অংশগ্রহণের জন্য ছুটি মঞ্জুর করা হবে এই মর্মে প্রত্যয়নপত্রে উল্লেখ থাকতে হবে।

৬। **পাঠ্যক্রম পাঠ্যসূচি:**

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ডিগ্রি (পাস) কোর্সে ভর্তিকৃত নিয়মিত শিক্ষার্থীগণ যে পাঠ্যক্রম ও পাঠ্যসূচি অনুসরণ করবে প্রাইভেট পরীক্ষার্থীগণও সেই পাঠ্যক্রম ও পাঠ্যসূচি অনুসরণ করবে।

৭। রেজিস্ট্রেশন/পরীক্ষা সংক্রান্ত বিষয়ে যদি কোন ভুলত্রুটি অথবা রেজিস্ট্রেশন/পরীক্ষা বাতিলের কোন প্রশ্ন উঠে তাহলে জাতীয় বিশ্ববিদ্যালয়ের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৮। নিয়মাবলীতে বর্ণিত সকল শর্ত পূরণ না করলে কোন প্রার্থীকে রেজিস্ট্রেশন প্রদান করা হবে না।

৯। আদালতে বিচারাধীন/দন্ডপ্রাপ্ত ব্যক্তিগণ প্রাইভেট পরীক্ষার্থীদের জন্য পালনীয় শর্তাবলি পূরণ, উত্তম আচরণের প্রত্যয়নপত্র প্রদান সাপেক্ষে এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অনুমতিক্রমে প্রাইভেট/সার্টিফিকেট কোর্সের পরীক্ষার্থী হিসেবে অত্র বিশ্ববিদ্যালয়ের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

১০। ডাকযোগে বা কুরিয়ার সার্ভিসে প্রেরিত কোন ব্যাংক ড্রাফট ও উল্লিখিত কাগজপত্রাদি গ্রহণ করা হবে না। **বিস্তারিত জানতে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট** www.nu.ac.bd/admissions-**এ ক্লিক করুন।**

**বি:দ্র: *আবেদনকারীকে আবেদন ফরম জমাদানের সময় টাকা জমা দানের রসিদের নম্বর ও মোবাইল নম্বর অবশ্যই উল্লেখ করে রেজিস্টার খাতায় স্বাক্ষর করতে হবে।**

প্রতিস্বাক্ষর

১৫.০১.২০২৬

(প্রফেসর মোঃ লুৎফর রহমান)
অধ্যক্ষ
দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর

(মো. সানাউল্যাহ্)
আহ্বায়ক
১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি ও রেজিস্ট্রেশন কমিটি ২০২৪-২০২৫
দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর